

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারী ২৪, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই ফাল্গুন ১৪১০/২৩শে ফেব্রুয়ারী ২০০৪

এস, আর, ও নং ৪৫-আইন/২০০৪/৪০০-মুসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন), এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশীয় ঔষধ শিল্পের স্বার্থে ৫০ (পঞ্চাশ) কেজি পর্যন্ত প্যাকিং অবস্থায় আমদানির ক্ষেত্রে কস্টিক সোডা প্রস্তুতের কাঁচামাল সাধারণ লবণ (Salt-H.S. Code 2501.00.21) এর উপর আমদানি পর্যায়ে বিদ্যমান সম্পূরক শুদ্ধ নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা :-

শর্তাবলী

- (ক) বিদ্যমান আমদানি নীতি আদেশের শর্তাবলী পূরণ করিয়া উক্ত সাধারণ লবণ (Sodium Chloride) আমদানি করিতে হইবে;
- (খ) ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত ব্লক লিস্টে বর্ণিত মূল্য ও পরিমাণে উক্ত সাধারণ লবণ (Sodium Chloride) আমদানি করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উহার আমদানিকৃত প্রতি চালান সাধারণ লবণ (Sodium Chloride) ঔষধের কাঁচামাল উৎপাদনকারী শিল্পে যথাযথ ব্যবহার সম্পর্কে ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র ট্যারিফ কমিশন ও সংশ্লিষ্ট শুদ্ধ কমিশনারের নিকট দাখিল করিবে;

- (ঘ) আমদানিকৃত সাধারণ লবণ কাঁচামাল হিসাবে ঔষধের কাঁচামাল উৎপাদনকারী নিজস্ব কারখানায় ব্যবহৃত হইয়াছে মর্মে শুদ্ধ কর্তৃপক্ষকে নিশ্চিত করিতে হইবে; এবং
- (ঙ) উল্লিখিত শুদ্ধ সুবিধা আগামী ৩১শে ডিসেম্বর, ২০০৪ পর্যন্ত বহাল থাকিবে, ইহার পরবর্তী সময়ে চাহিদা মেটানোর জন্য আবশ্যিক মানসম্পন্ন সাধারণ লবণ স্থানীয়ভাবে উৎপাদনের উদ্দেশ্যে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান আগামী ৩১শে ডিসেম্বর, ২০০৪ এর মধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ হাফিজুল কবির
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।